দৈনিক বাংলা।

তারিখ ২৫/৩/৮০
পৃষ্ঠা ১ কলাম ৪

16

# এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস

(স্টাফ রিপোর্টার)

চলতি এসএসসি পরীক্ষার প্রশ্নপত্র কি ফাঁস হয়ে গেছে?

পরীক্ষার্থী ও অভিভাবক মহলে এ-ব্যাপারে প্রচুর বিভ্রান্তি ও গুজবের সৃষ্টি হয়েছে।

বাংলা, অংক ও ইংরেজীর সব-কটি পেপারের প্রশ্নপত্র ফাঁস হয়ে গেছে বলে অনেকেই দাবী করেছেন।

এ ব্যাপারে ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের চেয়ারম্যানের সঙ্গে গতরাতে যোগাযোগ করা হলে তিনি বলেন: 'এ ধরনের অভিযোগ তিনিও পেয়েছেন।' বোর্ডের পরীক্ষা সমূহের নিয়ন্ত্রক জানিয়েছেন: 'প্রশ্নপত্র ফাঁসের এই অভিযোগ সম্পর্কে তিনি গোয়েন্দা বিভাগসহ সংশ্লিষ্ট মহল পুলিশকে ইতিমধ্যেই অবহিত করেছেন।'

এ-ব্যাপারে গোয়েন্দা বিভাগের কয়েকজন কর্মকর্তার সঙ্গে যোগাযোগ করা হলে তাঁরা জানান, অভিযোগ সম্পর্কে তদন্ত করা হচ্ছে।